# BIPD Bulletin

## On the Occasion of National Insurance Day 2020

National Seminar-2016



Regional Seminar-2017



Takaful Seminar-2018



Seminar-2018




Seminar-2019



BIPD

BANGLADESH INSTITUTE FOR PROFESSIONAL DEVELOPMENT

L I M I T E D

## জাতীয় বীমা দিবস-২০২০

বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বীমা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। মানুষের দুঃখ-দুর্দশা লাঘব, সামাজিক কল্যাণ সাধন এবং শিল্প ও ব্যবসা বানিজ্যের ঝুঁকি নিরসনে বীমা খাতের অবদান অপরিসীম। পাশাপাশি অভ্যন্তরীণ মূলধন সংগ্রহেও বীমার ভূমিকা অনস্বীকার্য। জনগণের জীবন এবং সম্পদের ব্যবস্থাপনায় আর্থিক সুরক্ষার মাধ্যম হিসাবে বীমার প্রয়োজনীয়তা রয়েছে। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বীমা খাতে উচ্চপদে দায়িত্ব পালন করেছিলেন বিগত ষাট এর দশকে। এটা সমগ্র বাঙ্গালী জাতির জন্য যেমন গর্বের বিষয় তেমনি বীমাখাতের সাথে জড়িত সংশ্লিষ্টদের জন্য বিশেষ অনুপ্রেরণার বিষয়।

আমরা মনে করি জাতির জনক বঙ্গবন্ধু তার বর্ণাঢ্য রাজনৈতিক কর্মকান্ডের পাশাপাশি মানুষের কল্যাণের জন্য, মানুষের জীবনের ঝুঁকি নিরসন ও নিরাপত্তার জন্য সৎ উপার্জনের মাধ্যম হিসাবে বীমা শিল্পকেই বেছে নিয়েছিলেন। বীমা পেশায় তাঁর সম্পৃক্ততার বিষয়কে যথাযথ গুরুত্ব দিয়ে সরকার ও বীমা খাতের সংশ্লিষ্টরা ১৯৬০ সালের ১লা মার্চ তদানীন্তন আলফা ইনস্যুরেন্স কোম্পানিতে তার চাকুরীতে যোগদানের তারিখকে **"জাতীয় বীমা দিবস"** ঘোষণা করেছেন। বাংলাদেশে প্রথমবারের মত পালিত হচ্ছে **"জাতীয় বীমা দিবস"**। সরকারের এই মহতী উদ্যোগকে আমরা বিআইপিডির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও সাধুবাদ জানাই।

বিআইপিডি আশা করে বাংলাদেশের বীমা খাত পরিবর্তনের ধারার সাথে সংগতি রেখে এগিয়ে যাবে এবং বীমা খাতের সঙ্গে জড়িত সংশ্লিষ্টরা এ খাতকে আরো যুগোপযোগী করতে ও এর ভাবমূর্তি ক্রমান্বয়ে বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন। এছাড়া আধুনিক তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বীমা শিল্পে সেবার মান বৃদ্ধি করে হাজার বছরের সর্বশ্রেষ্ট বাঙ্গালী জাতির পিতা শেখ মুজিবুর রহমানের আজন্ম লালিত স্বপ্ন **"সোনার বাংলা"** বিনির্মানে বীমা শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

**১লা মার্চ ২০২০ "জাতীয় বীমা দিবস"-এর সার্বিক সফলতা কামনায় বিআইপিডির পক্ষ থেকে প্রথম বুলেটিন প্রকাশ করতে পেরে আমরা গর্বিত মনে করছি। বিআইপিডি বুলেটিন আমাদের প্রত্যাশা পূরণে অত্যন্ত সহায়ক হবে বলে মনে করি।**

## বীমা জ্ঞান চর্চায় বিআইপিডির উদ্যোগ

মানুষের জীবন ও জীবিকার প্রতিটি মুহূর্তে মিশে আছে জীবন ও সম্পদের ঝুঁকি। বীমা ব্যবস্থা ঝুঁকি বন্টণের মাধ্যমে মানুষের জীবন, স্বাস্থ্য ও সমাজের আর্থিক নিরাপত্তা বিধান করে। বীমার গুরুত্ব ও উপকারীতা সম্পর্কে জানাতে ও সাধারণ মানুষের মনে বীমা বিষয়ে আগ্রহ সৃষ্টি করতে প্রয়োজন জন সচেতনতা বৃদ্ধি ও ব্যাপক প্রচারণা।

বীমার জ্ঞান চর্চার বিকাশ ও সাধারণ মানুষের মাঝে বীমার সুফল সম্পর্কে আগ্রহী করে তুলতে বিআইপিডি তার জন্মলগ্ন থেকেই বিভিন্ন ধরণের সেমিনার, ওয়ার্কশপ, প্রফেশনাল কোর্স, গবেষণামূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। দেশ-বিদেশের বীমা ও অন্যান্য শিল্পের সাথে জড়িত বরেণ্য ও প্রতিথযশা ব্যক্তিবর্গ বিআইপিডির সেমিনারসমূহে অংশগ্রহণ করেছেন এবং সেমিনারকে অর্থবহ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

ইতোমধ্যে বিআইপিডি বেশ কয়েকটি সেমিনারের সফল আয়োজন করেছে। আগামী ৩০ মার্চ ২০২০ ইং তারিখে আরো একটি সেমিনারের আয়োজন করতে যাচ্ছে। এবারের সেমিনারের প্রতিপাদ্য বিষয় Human Resource Challenges in Emerging Market। দেশ-বিদেশের বীমা ও মানব সম্পদ বিষয়ক বিশেষজ্ঞদের সমন্বয়ে অনুষ্ঠিতব্য এই সেমিনারে আর্থিক খাতের উন্নয়নে মানব সম্পদকে, মানব পূজিতে রূপান্তরের দিক নির্দেশনা পেশ করা সম্ভব হবে বলে আমাদের দৃঢ় বিশ্বাস।

ইতোপূর্বে বিআইপিডি কর্তৃক আয়োজিত সেমিনারসমূহের প্রতিপাদ্য বিষয়সমূহ ছিল নিম্নরূপ:

* ন্যাশনাল সেমিনার-২০১৬ :Present Market Scenario & Challenges of Bangladesh Insurance Sector.
* রিজিওনাল সেমিনার-২০১৭ :Protecting the poor: Emerging Micro Insurance Markets in South Asia.
* তাকাফুল সেমিনার-২০১৮ :Appropriate Takaful Models of Islamic Life Insurance.
* সেমিনার-২০১৮ :How to Raise Standard of Bangladesh Insurance Market?
* ডে-লং ওয়ার্কশপ-২০১৮ :Performance Development of Insurance Sector.
* সেমিনার-২০১৯ :How to Enhance the Image of Insurance Industry.

**অনেক বাধা-বিপত্তি পেরিয়ে বাংলাদেশের বীমা শিল্প এগিয়ে যাচ্ছে। নিজ উদ্যোগে আমরা প্রতিবছর এক বা একাধিক সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করেছি। বীমা কোম্পানিসমূহের সহযোগিতা ছাড়া এটি করা সম্ভব ছিল না। এবারেও সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করছি।**

# ন্যাশনাল সেমিনার-২০১৬



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব এম.এ. মান্নানকে পুষ্পস্তবক প্রদান করছেন ফারইষ্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীর সিইও জনাব হেমায়েত উল্লাহ।



ন্যাশনাল সেমিনারে আগত শিক্ষার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করছেন জনাব মোহাম্মদ সোহরাব উদ্দিন, একচ্যুয়ারী




ন্যাশনাল সেমিনারে বক্তব্য রাখছেন অর্থ মন্ত্রণালয়ের সচিব জনাব ইউনুসুর রহমান



ন্যাশনাল সেমিনার-২০১৬, উপস্থিত অংশগ্রহণকারীবৃন্দ



ন্যাশনাল সেমিনার-২০১৬, উপস্থিত অংশগ্রহণকারীবৃন্দ

রজনীগন্ধা অডিটরিয়ামে আয়োজিত ন্যাশনাল সেমিনার-২০১৬ এ অংশগ্রহণকারী বরেণ্য ব্যক্তিবর্গ। সেমিনারে বিদেশী প্রশিক্ষকবৃন্দ ইন্স্যুরেন্স-এর বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। সেমিনারে প্রধান অতিথি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থ প্রতিমন্ত্রী জনাব এম. এ. মান্নান বক্তব্য পেশ করেন। সেমিনারে বীমা কোম্পানীগুলোর কিভাবে আরো উন্নত করা যায় সে বিষয়ে আলোচনা করেন।

উক্ত সেমিনারে বাংলাদেশের সকল বীমা প্রতিষ্ঠানের সিইও ও অন্যান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সেমিনারে অংশগ্রহণকারীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করা হয়। বীমা বিষয়ে তারা নানা রকম তথ্য আদান-প্রদান করেন। সেমিনারে বিদেশী প্রশিক্ষকগণ বীমার বিষয়ে বিভিন্ন দিক তুলে ধরেন এবং সকলের সহযোগিতা কামনা করেন।

# রিজিওনাল সেমিনার-২০১৭



আইডিআরএ এর মাননীয় চেয়ারম্যান
জনাব মোঃ শফিকুর রহমান পাটোয়ারী কে
পুষ্পস্তবক প্রদান করছেন
যমুনা লাইফের ভাইস চেয়ারম্যান
জনাবা মেহনাজ তাবাসসুম



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী
জনাব আবুল মাল আব্দুল মুহিতকে
পুষ্পস্তবক প্রদান করছেন
গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানীর
সিইও মিসেস ফারজানা চৌধুরী।




ঢাকা ক্লাবে আয়োজিত রিজিওনাল সেমিনার-২০১৭
বক্তব্য করেছেন ভারত থেকে আগত প্রশিক্ষক
প্রফেসর অর্চনা ভেজ




রিজিওনাল সেমিনার-২০১৭, উপস্থিত বিভিন্ন বীমা প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ




রিজিওনাল সেমিনার-২০১৭, উপস্থিত বিভিন্ন বীমা প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ

ঢাকা ক্লাবে আয়োজিত রিজিওনাল সেমিনার-২০১৭ এ অংশগ্রহণকারী বরেণ্য ব্যক্তিবর্গ। সেমিনারে বিদেশী প্রশিক্ষকবৃন্দ ইন্স্যুরেন্স-এর বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন । সেমিনারে প্রধান অতিথি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থ মন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত বক্তব্য পেশ করেন। সেমিনারে বীমা কোম্পানীগুলোর কার্যক্রম কি ভাবে আরো উন্নত করা যায় সে বিষয়ে আলোচনা করেন।

উক্ত সেমিনারে বিদেশী প্রশিক্ষকগণ বীমার বিষয়ে বিভিন্ন দিক আলোচনা করেছেন এবং কি ভাবে বাংলাদেশের বীমা শিল্পকে আরো উন্নত করা যায় সে বিষয় আলোচনা করেন। এশিয়া মহাদেশে বীমা শিল্প কি ভাবে পরিচালিত হচ্ছে সে বিষয় তথ্য প্রদান এবং বাংলাদেশে কি ভাবে উন্নতি করা সম্ভব তা নিয়ে আলোচনা করেছেন।

# তাকাফুল সেমিনার -২০১৮
# অংশগ্রহণকারী বরেণ্য ব্যক্তিবর্গ



সেমিনারে বক্তব্য রাখছেন
প্রফেসর সৈয়দ কামাল উদ্দিন জাফরী



সেমিনারে বক্তব্য রাখছেন
জনাব মোহাম্মদ সোহরাব উদ্দিন, এক্যাচুয়ারী



সেমিনারে বক্তব্য রাখছেন
বিচারপতি জনাব আব্দুর রউফ



সেমিনারে বক্তব্য পেশ করছেন
প্রফেসর মোঃ মুজাহিদুল ইসলাম



বক্তব্য পেশ করছেন
জনাব এম.এ খালেক
প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, বিআইপিডি




তাকাফুল সেমিনারে গ্লোসরি অফ ইন্স্যুরেন্সে বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত সম্মানিত আগত অতিথি বৃন্দ

বিআইপিডির প্রথম প্রকাশনা
গ্লোসারী অফ ইন্স্যুরেন্স বইয়ের মোড়ক উম্মোচন

রজনীগন্ধা অডিটরিয়ামে আয়োজিত তাকাফুল সেমিনার-২০১৮ এ অংশগ্রহণকারী বরেণ্য ব্যক্তিবর্গ। সেমিনারে প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ এর শরিয়াহ সদস্যবৃন্দ শরিয়াহ্ সম্মত ইন্স্যুরেন্স-এর বিভিন্ন বিষয় আলোচনা করেন। সেমিনারে প্রধান অতিথি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থ প্রতিমন্ত্রী জনাব এম. এ. মান্নান বক্তব্য পেশ করেন। উক্ত সেমিনারে বীমা কোম্পানীগুলোকে কিভাবে আরো উন্নত করা যায় সে বিষয়ে আলোচনা করেন।

উক্ত সেমিনারে বাংলাদেশের সকল বীমা প্রতিষ্ঠানের সিইও ও অন্যান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সেমিনারে বিআইপিডি প্রকাশিত গ্লোসারি অফ ইন্স্যুরেন্স বইটির মোড়ক উন্মোচন করেন বিআইএ এর চেয়ারম্যান ও আইডিআর এর সদস্য এবং শরিয়াহ বোর্ডের সদস্য বৃন্দ। বীমা বিষয়ে তারা নানা রকম তথ্য আদান প্রদান করেন।

# ডে-লং ওয়ার্কশপ-২০১৮ অংশগ্রহণকারী বরেণ্য ব্যক্তিবর্গ



ওয়ার্কশপ-এ আগত প্রধান অতিথি জনাব বোরহান উদ্দিন, আইডিআরএ এর সদস্য কে ক্রেস্ট দিয়ে বরণ করছেন বিআইপিডির জনাব এহসানুল হক, এফসিআইআই



ওয়ার্কশপ-এ আগত বিশেষ অতিথি ড. মোঃ কায়কোবাদ কে ক্রেস্ট দিয়ে বরণ করছেন বিআইপিডির মহাপরিচালক মহোদয়



ওয়ার্কশপ-এ বিভিন্ন ব্যাংক, বীমা এবং এনজিও থেকে আগত প্রশিক্ষণার্থীবৃন্দ।



ওয়ার্কশপ-এ আগত উপস্থিত অতিথি, প্রশিক্ষক এবং প্রশিক্ষাণার্থীবৃন্দ।




ওয়ার্কশপ-এ আগত মঞ্চে উপবিষ্ট প্রধান অতিথি, বিশেষ অতিথি ও প্রশিক্ষকবৃন্দ।




ওয়ার্কশপ-এ আগত মঞ্চে উপবিষ্ট বিশেষ অতিথি ও বিদেশী প্রশিক্ষকবৃন্দ।

পুষ্পদাম অডিটরিয়ামে আয়োজিত ডে-লং ওয়ার্কশপ সেমিনার-২০১৮ এ অংশগ্রহণকারী বরেণ্য ব্যক্তিবর্গ। উক্ত সেমিনারে উপস্থিত ব্যক্তিবর্গ বীমা বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন। সেমিনারে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের মাননীয় সদস্য জনাব মোঃ বোরহান উদ্দিন । এছাড়াও সেমিনারের ২য় পর্বের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বুয়েটের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের প্রফেসার ড. মোঃ কায়কোবাদ । এছাড়াও বিদেশী প্রশিক্ষকবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন জনাব ধর্মেশ দাভে, জনাব শিখর নিলন থেরণ, জনাবা সুপ্রিয়া সিগাল, জনাব বালাজি মুতুস্বামী। আলোচনায় তারা বীমা বিষয়ের নানাদিক তুলে ধরেন।

উক্ত সেমিনারে বাংলাদেশের বেশ কয়েকটি বীমা প্রতিষ্ঠানের সিইও ও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

# সেমিনার-২০১৯




সেমিনার-২০১৯, মঞ্চে উপবিষ্ট সম্মানিত প্রধান অতিথি জনাব মোঃ আসাদুল ইসলাম এবং অন্যান্য অতিথিবৃন্দ



সেমিনারে আগত সভাপতি ড. শেলীনা আফরোজা কে পুষ্পস্তবক দিয়ে বরণ করছেন বিআইএ-এর চিফ ফ্যাকাল্টি



সেমিনার-২০১৯, উপস্থিত অতিথিবৃন্দ

গত ২৮ শে মার্চ-২০১৯, বৃহস্পতিবার, সকাল ১০ ঘটিকায় বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমী (বিআইএ) ও বাংলাদেশ ইনস্টিটিউট ফর প্রফেশনাল ডেভেলপমেন্ট (বিআইপিডি)-এর যৌথ উদ্যোগে ঢাকাস্থ জাতীয় ক্রীড়া পরিষদের পুষ্পদাম মিলনায়তনে “How to Enhance the Image of Insurance Industry” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

উক্ত সেমিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম প্রধান অতিথি এবং জীবন বীমা কর্পোরেশনের মাননীয় চেয়ারম্যান ও সাবেক সচিব ড. শেলীনা আফরোজা সভাপতি হিসাবে উপস্থিত ছিলেন।

এছাড়া উক্ত সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের অর্থ ও প্রশাসন বিভাগের অতিরিক্ত সচিব জনাব অজিত কুমার পাল, এফসিএ, সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব ড. জর্জ-ই-থমাস, ইনসিওরেন্স ইনস্টিটিউট অব ইন্ডিয়া। সেমিনারে মডারেটর হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ সোহরাব উদ্দিন, একচ্যুয়ারী। সেমিনারে বক্তব্য উপস্থাপন করেন জনাব কুদ্দুস খান, সাবেক সদস্য, আইডিআরএ, জনাব জালালুল আজিম, সিইও, প্রগতি লাইফ ইন্সুরেন্স লি:. জনাব জামাল এম এ নাসের, সিইও, ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্স কো: লি:, জনাব পি কে রায়, এফসিএ, সিইও, রূপালী ইন্স্যুরেন্স লি:, মিসেস ফারজানা চৌধুরী, এসিআইআই, সিইও, গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কো: লি:, জনাব খলিল আহমেদ, সদস্য, আইডিআরএ, জনাব এস.এম. ইব্রাহীম হোসাইন, এসিআইআই, বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমী, এ.বি.এম. নুরুল হক, পরামর্শক, গ্লোবাল ইনসিওরেন্স কো: লি:, জনাব মো: হেমায়েত উল্লাহ, সিইও, ফারইষ্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স কো: লি:, জনাব প্রদীপ সরকার, এফআইআইআই এবং ড. জর্জ-ই-থমাস, ইনসিওরেন্স ইনস্টিটিউট অব ইন্ডিয়া।

সেমিনারে স্বাগত বক্তব্য উপস্থাপন করেন বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমীর পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহাম্মদ আমজাদ হোসাইন এবং বাংলাদেশ ইনস্টিটিউট ফর প্রফেশনাল ডেভেলপমেন্ট এর মহাপরিচালক জনাব কাজী মোঃ মোরতুজা আলী, এসিআইআই।
সেমিনারে আগত বক্তারা বাংলাদেশের বীমা শিল্পের অগ্রসরমানে নানা প্রতিবন্ধকতা এবং এর উত্তোরণের ক্ষেত্রে নানাবিধ পরামর্শ প্রদান ও উৎসাহমূলক বক্তব্য উপস্থাপন করেন।

সেমিনারে বাংলাদেশের বিভিন্ন জীবন বীমা ও সাধারণ বীমা কোম্পানির সিইও এবং শতাধিক প্রশিক্ষণার্থীগণ অংশগ্রহণ করেন।
সেমিনার উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর বাণী সন্নিবেশ করে একটি তথ্যসমৃদ্ধ স্যুভেনির প্রকাশিত হয় এবং বিআইপিডির গেষ্ট ফ্যাকাল্টি জনাব এ. কে. এম. এহসানুল হক, এফসিআইআই-এর রচিত “Handbook on Non-Life Insurance & Reinsurance (সহজ ভাষায় সাধারণ বীমা এবং পূর্ণবীমা)” শীর্ষক গ্রন্থের মোড়ক উম্মোচন করা হয়।

অনুষ্ঠানের শেষ পর্বে অংশগ্রহণকারীদের ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সেমিনারের সমাপ্তি ঘোষনা করা হয়।

CIPA
CERTIFIED ISLAMIC PROFESSIONAL ACCOUNTANT

BIPD

AAOIFI
ACCOUNTING AND AUDITING ORGANIZATION FOR ISLAMIC FINANCIAL INSTITUTIONS

# CIPA FELLOWSHIP OF AAOIFI

## FOR ACCOUNTING PROFESSIONALS & STUDENTS!

### Now being offered in Bangladesh

## About AAOIFI

The Accounting and Auditing Organization for Islamic Financial Institutions (AAOIFI), established in 1991 and based in Bahrain, is the leading international not-for-profit organization primarily responsible for development of Shari'ah and Accounting standards for the global Islamic finance industry.

## About CIPA

CIPA is a professional specialized certification course of AAOIFI and is designed to equip candidates with the requisite technical understanding and professional skills on accountancy and related fields (such as audit, risk management, governance, law, and tax) for Islamic banks, Islamic insurance and financial institutions.

## About BIPD

Bangladesh Institute for Professional Development (BIPD) is an accredited training and research institute established in 2015 to promote human capital development through conducting training, research, education and professional development activitie.

## CIPA is comprised of 4 modules:

*Financial Accounting & Reporting (FAR)
*Audit, Assurance, and Ethics (AAE)
*Business & Regulatory Environment (BRE)
*Shari'ah Standards & Shari'ah Governance (SS&SG)
Candidate must pass all 4 modules and complete a 1-year Practical Experience Requirement (PER).

Payment Structure

| Full Payment (At a time) | Payment in 4 Installments | | | | Payment in 2 Installments | |
|---|---|---|---|---|---|---|
| | 1st | 2nd | 3rd | 4th | 1st | 2nd |
| USD 1430 | USD 357.5 | USD 375.5 | USD 357.5 | USD 357.5 | USD 715 | USD 715 |

**Fees After Discount: USD 1,430 only for BANGLADESHI STUDENTS**

## BIPD's Activities

- Acturial Aspects of Life Insurance
- Re-Insurance
- Training on Operation of Financial Institutions
- Workshop on Derivatives Market
- Training on Capital Market Operations
- Market Research
- Training to agents of Life & Non-Life Insurance
- Micro Finance & Micro Insurance
- Risk Management
- Cyber Security
- Career Development Course
- TTT & HRD
- Takaful Consultancy

Our Vision is to be a world class institute for transforming human resoures into human capital

Our Mission is to excel sustainable leadership and management

## Professional Courses

★ Learning Program on "Professional English & Organizational Behaviour"
★ Professional course on Management and Leadership Development
★ Special Course on Enterprise Risk Management (ERM)
★ Professional course on Life Insurance Underwriting
★ Prefessional Course On Legal Environment of Insurance
★ Professional Course on Non-Life Claims Management
★ Professional course on Sales Management
★ Professional course on Agency Management

## Foreign Courses

➤ Certified Islamic Professional Accountant (CIPA)
➤ Fundamentals of Risk Management (FoRM)
➤ Short Course on:
i. "Artificial Intelligence & Blockchain"
ii. "Data Science, Data Protection & Strategic Management"

*In quest of excellent career*

**Contact Information**
Phone: +88-02-47118201, 9559112, Mob: 01944552373
E-mail: dg@bipdedu.org, mortuzaalimd@yahoo.com,
www.bipdedu.org